প্রেস রিলিজ

ঢাকায় আয়োজন করা হচ্ছে জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সচেতনতা বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন

১১ নভেম্বর ২০১৯, ঢাকাঃ ১১-১২ নভেম্বর তারিখে ঢাকায় জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সচেতনতা বিষয়ে ২-দিন ব্যাপী একটি সম্মেলন "ইন্টারন্যাশনাল কনফারেন্স অন এনার্জি এফিশিয়েন্সি এন্ড কনজারভেশান এওয়ারনেস (আইসিইইসিএ ২০১৯)" এর আয়োজন করা হচ্ছে । টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), রিনিউয়েবল এনার্জি এন্ড এনার্জি এফিশিয়েন্সি প্রোগ্রাম (রিপ-২) এর সাথে যৌথভাবে এই সম্মেলনের আয়োজন করছে।

বিগত অর্থবছরে ৮.১% জিডিপি প্রবৃদ্ধি নিয়ে, বাংলাদেশ ইতোমধ্যে এশিয়া প্যাসিফিক অঞ্চলের সবচেয়ে দ্রুত বর্ধনশীল অর্থনীতি হিসেবে স্বীকৃতি পেয়েছে। অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি বৃদ্ধি পাচ্ছে জ্বালানির চাহিদা। ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্র হিসাবে আত্মপ্রকাশ করার যে প্রত্যয় নিয়ে বাংলাদেশ এগিয়ে চলেছে, তাতে এই জ্বালানি চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাবে। টেকসই উন্নয়নের পথ ধরে এই লক্ষ্য অর্জন ও জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার জন্য আমাদের জ্বালানি সাশ্রয় ও সংরক্ষণের উপর গুরুত্বারোপ করতে হবে। এই বিষয়টি অনুধাবন করে, জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ মহাপরিকল্পনায় ২০৩০ সালের মধ্যে জিডিপি অনুপাতে বিশ শতাংশ জ্বালানি সাশ্রয় করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। সুদৃঢ় নীতিমালা প্রণয়ন, উপযোগী পরিকল্পনা গ্রহণ, সচেতনতা বৃদ্ধি এবং উপযুক্ত প্রাতিষ্ঠানিক কাঠামো এই লক্ষ্য অর্জনের জন্য আবশ্যক।

এই গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে দক্ষিণ ও দক্ষিণ পূর্ব এশিয়ার নীতি নির্ধারক, বিশেষজ্ঞ, সরকারী ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিদের জ্বালানি সংরক্ষণ সচেতনতা বিষয়ে অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। সম্মেলনের বিভিন্ন পর্বে জ্বালানির দায়িত্বশীল ব্যবহার ও সাশ্রয় বিষয়ে আলোচিত হবে সচেতনতা তৈরির ক্ষেত্রে তথ্য প্রযুক্তির ভূমিকা, শিল্পক্ষেত্রে জ্বালানি সাশ্রয়ী প্রযুক্তি প্রবর্তনের কারিগরি, আর্থিক এবং নিয়ন্ত্রণের দিক গুলি এবং জ্বালানি দক্ষ বিভিন্ন সরঞ্জামাদির বাজার তৈরির ক্ষেত্রে বেসরকারি খাতের ভূমিকা ইত্যাদি বিষয়ে আলোচনা হবে।

শিল্প উদ্যোক্তা, জ্বালানি, উৎপাদন, সেবা খাতের পেশাজীবী, প্রযুক্তি ব্যবসায়ী-সরবরাহকারী, বাণিজ্যিক সমিতি ও সংগঠন, অর্থনৈতিক প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী, রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও নীতিনির্ধারণকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, দেশি-বিদেশী বিশিষ্টজন, শিক্ষাবিদ এবং গবেষণাকারীরা উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

১১ নভেম্বরে সম্মেলনের উদ্বোধন করবেন জনাব নসরুল হামিদ এমপি, বিদ্যুৎ, জ্বালানি এবং খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী। উদ্বোধনী পর্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন ড. আহমদ কায়কাউস, বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব, ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের সভাপতি জনাব শেখ ফজলে ফাহিম, জার্মান দূতাবাসের চার্জ দ্যা জনাব বুর্কহার্ড ডুকফ্রে এবং জনাব নাওয়া রাজ ধাকাল, পরিচালক, নেপালের অলটারনেটিভ এনার্জি প্রোমোশান সেন্টার।

সম্মেলনের সমাপনী অধিবেশন হবে ১২ নভেম্বরে, বিদ্যুৎ, জ্বালানি এবং খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান জনাব মোহাম্মদ শহিদুজ্জামান সরকার এমপি এই পর্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। বিশেষ অতিথি হিসাবে থাকবেন জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. এ কে এম রফিক আহমেদ এবং জিআইজেড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ড. এঞ্জেলিকা ফ্লেডারম্যান ।

বাংলাদেশের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, এবং জার্মান ফেডারেল মিনিস্ট্রি ফর ইকোনমিক কোঅপারেশন এন্ড ডেভেলপমেন্ট (বিএমজেড) এর পক্ষ থেকে জার্মান ডেভেলপমেন্ট কোঅপারেশন (জিআইজেড), স্রেডার সাথে রিপ-২ প্রকল্পটি বাস্তবায়ন করছে। পরিবহন, পরিবেশ, জ্বালানি এবং পানি বিষয়ক জিআইজেডের আভ্যন্তরীণ সেক্টর নেটওয়ার্ক 'টুয়েভাস' ও এই সম্মেলনের একটি অংশীদার।

Press Release

International Conference in Dhaka calls for raising awareness on energy efficiency and conservation

11 November 2019, Dhaka: A two-day International Conference on Energy Efficiency and Conservation Awareness (ICEECA 2019) will be inaugurated in Dhaka on 11th November 2019. The conference is organised by the Sustainable and Renewable Energy Development Authority (SREDA), in collaboration with Renewable Energy and Energy Efficiency Programme (REEEP II).

With a record 8.1% GDP growth in last fiscal year, Bangladesh is already the fastest growing economy in the Asia Pacific region. Increased economic growth demands increased energy, and this demand is expected to surge further to attain Bangladesh's ambition of becoming a developed economy by 2041. To ensure that this goal is achieved sustainably, the time is ripe to give due emphasis on energy efficiency and conservation. Recognising this, the Energy Efficiency and Conservation Master Plan up to 2030 outlines Bangladesh's target to achieve 20% reduction of primary energy consumption per GDP by 2030, compared to 2013 level. A robust policy, appropriate strategies, awareness, capacity of stakeholders and well-functioning institutional framework are preconditions for achieving these goals.
Against this backdrop, ICEECA 2019 is bringing together experts, policy makers, civil society representatives and the private sector from South and South-east Asia to share their experiences on the theme of the conference – "awareness is key for an energy conscious society". The conference aims to draw lessons from regional success stories, suitable approaches and policy instruments in raising awareness and addressing behavioural and social aspects of adopting energy efficiency measures and ensure their energy-saving performance. Over four thematic sessions, the conference will focus on the role of fast evolving Internet of Things (IOTs) and digitization in promotion of energy efficiency and conservation, explore the successful industrial energy efficiency landscape from technical, regulatory, financial and implementation aspects and discuss the role of private sector in catalysing market development of energy efficient appliances.

The conference will officially be inaugurated by Mr. Nasrul Hamid MP, Honourable State Minister, Ministry of Power, Energy and Mineral Resources. Dr. Ahmad Kaikaus, Senior Secretary, Power Division, MPEMR, Mr. Sheikh Fazle Fahim, President, Federation of Bangladesh Chambers of Commerce & Industries (FBCCI), Mr. Burkhard Ducoffre, Chargé d'Affaire, Embassy of the Federal Republic of Germany and Mr. Nawa Raj Dhakal, Director, Alternative Energy Promotion Centre, Nepal, and were present as special guests.

will be present as special guests of the inauguration session. The closing ceremony will take place on 12th of November. Mr. Md. Shahiduzzaman Sarker MP Chairman, Parliamentary Standing Committee on Ministry of Power, Energy and Mineral Resources will grace the occasion as Chief Guest. Dr. Angelika Fleddermann, Country Director, GIZ Bangladesh, Dr. A.K.M. Rafique Ahammed, Director General, Department of Environment, Government of Bangladesh and Mr. Abu Hena Md. Rahmatul Muneem, Senior Secretary, Energy and Mineral Resources Division, Ministry of Power, Energy and Mineral Resources, Government of Bangladesh, will be present as Special Guests.
The Conference is expected to serve as a forum for dialogue among relevant stakeholders and an effective platform for national and international policy discussions to structure and adopt a holistic approach for confronting the issues at the interface of climate change mitigation through knowledge building. The sharing of key ingredients of effective policy, strategy and institutionalisation along with success factors for its implementation would be beneficial for Bangladesh to fulfil the government's goals on energy efficiency and conservation.

Deutsche Gesellschaft für Internationale Zusammenarbeit (GIZ) GmbH is implementing REEEP II in collaboration with SREDA on behalf of the Bangladesh Ministry of Power, Energy, and Mineral Resources (MPEMR) and the German Federal Ministry for Economic Cooperation and Development (BMZ). The GIZ internal sector network TUEWAS (Transport, Environment, Energy and Water in Asia) is also a partner of the conference.